গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪- ১০৬৩ তারিখঃ ২৮/০৯/২০২২খ্রিঃ।

বিষয় ঃ 'শেখ রাসেল দিবস-২০২২' উদযাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৮ অক্টোবর-কে 'শেখ রাসেল দিবস' হিসেবে পালন এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে। এমতাবস্থায়, আগামী ১৮ অক্টোবর-২০২২ তারিখে 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে অত্র বিভাগের ২২.০৯.২০২২ তারিখের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী'র সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ৪(চার) ফর্দ।

২৮/৯/২২
(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
...................... পৌরসভা
জেলাঃ...................... ।

অনুলিপি ঃ-

১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। একান্ত সচিব, সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ আগামী ১৮ অক্টোবর তারিখে 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২২, বৃহস্পতিবার
সময় : দুপুর ০২.০০ ঘটিকায়
সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি সকলকে অবহিত করেন যে, ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মম হত্যাকান্ডের শিকার শহিদ শেখ রাসেলকে স্মরণে ২০২১ সাল হতে জাতীয়ভাবে শেখ রাসেল দিবস পালন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৮ অক্টোবর-কে 'শেখ রাসেল দিবস' হিসেবে পালন এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে। গত বারের ন্যায় এ বছরও দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছেঃ

'শেখ রাসেল
দীপ্ত জয়োল্লাস
অদম্য আত্মবিশ্বাস'

০২। ১০ আগস্ট ২০২২ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এর সভাপতিত্বে আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষ্যে ২য় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয় এবং ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে চূড়ান্ত প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | | স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রীয় সরকারি কর্মসূচি অনুসরণে স্ব-স্ব অনুষ্ঠানসূচি অনুযায়ী নিজ উদ্যোগে দিবসটি উদযাপন করবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

| ক্রমিক | সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২. | | ক) শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;<br>খ) স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকায় অবস্থিত আওতাধীন দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ ডিপিএইচই ভবনে শেখ রাসেল-এর নির্বাচিত ছবি/মুর‍্যাল/ প্রতিকৃতিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পন করবেন।<br>ম্যুরাল/প্রতিকৃতির সর্বনিম্ন আকার দৈর্ঘ্য ০৪ ফুট ×০৩ ফুট অথবা সমানুপাতিক হারে উল্লিখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতি স্থাপন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৩. | | পথ শিশুদের ডেটাবেজ তৈরিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান | সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ |
| ৪. | | শেখ রাসেল এর আত্মার মাগফিরাত কামনা করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত ও মিলাদ এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৫ | | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ 'শেখ রাসেল দিবস' উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২২ তারিখের পরে আলোচনা সভা/সেমিনার, রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করবে। স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে কেন্দ্রীয়ভাবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অডিটোরিয়ামে ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থাসমূহকে নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান এবং দোয়া অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানের স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তা এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার জ্যেষ্ঠ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৬ | | শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষ্যে থিম সঙ্গীত/তথ্য চিত্র স্থাপিত এলইডি, ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে প্রচার করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

| ক্রমিক | সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭ | | ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে।<br>খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৮ | | স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |
| ৯ | | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজ অর্থায়নে তাদের নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন করবে | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

সভাপতি শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

২৫/০৯/২০২২

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮.০০৬.২০২২-২১০৭/১(২) তারিখঃ ১০ আশ্বিন ১৪২৯ / ২৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি/কার্যার্থেঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।

৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৬। উপসচিব (সকল),স্থানীয় সরকার বিভাগ।

৭। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৯। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকোশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/সিলেট সিটি কর্পোরেশন।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন ।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণ দপ্তর, ঢাকা।

MMRahman
২৫/০৯/2022

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd